



ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমণ্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ২২৩৩৬৪১১৫

www.dhakacitycollege.edu.bd

সূত্র নং

তারিখ : ২৩/০২/২০২৬

সংশোধিত নোটিশ

দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য

(উচ্চ মাধ্যমিক বোর্ড ফাইনাল পরীক্ষা ২০২৬ এর ফরম পূরণ সম্পর্কিত)

কলেজের ২০২৪-'২৫ শিক্ষাবর্ষের বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার দ্বাদশ শ্রেণির নিয়মিত এবং ২০২৩-২০২৪ সালের অনিয়মিত ও মান উন্নয়ন শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, তাদের তৃতীয় কিস্তির টাকা (পূর্বের বকেয়াসহ যদি থাকে) আগামী ২৫.০২.২০২৬ তারিখ থেকে ০৪.০৩.২০২৬ তারিখের মধ্যে অনলাইনে পূর্বালী ব্যাংক ও বিকাশের মাধ্যমে জমা দিয়ে বেতন পরিশোধের রশিদ ও ফরম ফিলাপের ফরম ডাউনলোড করে তা একত্রে আগামী ০৫.০৩.২০২৬ তারিখ প্রভাতি শাখার সকল শিক্ষার্থীদেরকে সকাল ৯:০০ টা থেকে দুপুর ১২:০০ টা পর্যন্ত, ব্যবসায় শিক্ষা ও মানবিক দিবা শাখার সকল শিক্ষার্থীকে দুপুর ১:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত এবং ০৭.০৩.২০২৬ তারিখ বিজ্ঞান দিবা শাখার সকল শিক্ষার্থীদেরকে সকাল ৯:০০ টা থেকে দুপুর ১২:০০ টা পর্যন্ত কলেজ অফিস কক্ষে জমা দিতে হবে। উল্লেখ্য যে, ফি পরিশোধের বিস্তারিত পদ্ধতি কলেজের ওয়েব সাইট (www.dhakacitycollege.edu.bd) এ গিয়ে "How to Pay HSC Form Fill-up Fee" বাটনে ক্লিক করে দেখে নিতে হবে (অন্যান্য অনলাইন ফান্ড ট্রান্সফার গ্রহণযোগ্য নয়)।

ফরম পূরণ ও অন্যান্য ফি'র হার নিম্নরূপ :

ক্রমিক নং	শাখা	ফিসের হার (টাকা)
০১।	বিজ্ঞান (৯ পত্র ব্যবহারিকসহ) নিয়মিত	৩০৬২
০২।	ব্যবসায় শিক্ষা (৩ পত্র ব্যবহারিকসহ)	২৬৪২
০৩।	ব্যবসায় শিক্ষা (১ পত্র ব্যবহারিকসহ)	২৫০২
০৪।	মানবিক (৫ পত্র ব্যবহারিকসহ)	২৭৮২
০৫।	মানবিক (৩ পত্র ব্যবহারিকসহ)	২৬৪২
০৬।	মানবিক (১ পত্র ব্যবহারিকসহ)	২৫০২
০৭।	বিজ্ঞান (৯ পত্র ব্যবহারিকসহ) অনিয়মিত	৩১৬২
০৮।	ব্যবসায় শিক্ষা (৩ পত্র ব্যবহারিকসহ)	২৭৪২
০৯।	ব্যবসায় শিক্ষা (১ পত্র ব্যবহারিকসহ)	২৬০২
১০।	মানবিক (৫ পত্র ব্যবহারিকসহ)	২৮৮২
১১।	মানবিক (৩ পত্র ব্যবহারিকসহ)	২৭৪২
১২।	মানবিক (ব্যবহারিক ছাড়া)	২৫৩২
১৩।	বিজ্ঞান (৯ পত্র ব্যবহারিকসহ) জিপিএ উন্নয়ন	৩১৬২
১৪।	ব্যবসায় শিক্ষা (৩ পত্র ব্যবহারিকসহ)	২৭৪২
১৫।	ব্যবসায় শিক্ষা (ব্যবহারিক ছাড়া)	২৫৩২
১৬।	মানবিক (৫ পত্র ব্যবহারিকসহ)	২৮৮২
১৭।	মানবিক (৩ পত্র ব্যবহারিকসহ)	২৭৪২
১৮।	মানবিক (১ পত্র ব্যবহারিকসহ)	২৬০২
১৯।	দুই বিষয় (৪ পত্র ব্যবহারিকসহ) দুই বিষয়	১২৭০
২০।	দুই বিষয় (২ পত্র ব্যবহারিকসহ)	১১৩০
২১।	দুই বিষয় (ব্যবহারিক ছাড়া)	৯৯০
২২।	এক বিষয় (২ পত্র ব্যবহারিকসহ) এক বিষয়	১০০৫
২৩।	এক বিষয় (ব্যবহারিক ছাড়া)	৮৬৫

২৩.০২.২০২৬
(প্রফেসর কাজি নেয়ামুল হক)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ঢাকা সিটি কলেজ, ঢাকা।



ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ২২৩৩৬৪১১৫

www.dhakacitycollege.edu.bd

সূত্র নং

তারিখ : ২৩/০২/২০২৬

সংশোধিত নোটিশ

(২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের তৃতীয়/শেষ কিস্তির বেতন ও

বোর্ড পরীক্ষার ফি পরিশোধ সংক্রান্ত)


২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের তৃতীয়/শেষ কিস্তির (৪ মাসের বেতন মার্চ, ২০২৬ থেকে জুন, ২০২৬ ও আংশিক সেশন ফিসহ) ১২,৩৫০/- (বার হাজার তিনশত পঞ্চাশ) টাকা এবং বোর্ড পরীক্ষার ফি (যার ক্ষেত্রে যা প্রযোজ্য এতদসঙ্গে সংযুক্ত) আগামী ২৫.০২.২০২৬ তারিখ থেকে ০৪.০৩.২০২৬ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। পূর্বের কোন বকেয়া থাকলে সেটাও এর সাথে পরিশোধ করতে হবে।

উল্লেখ্য যে, শিক্ষার্থী ও অভিভাবকগণ সহজে দেশের যে কোনো স্থান থেকে টিউশন ফি পরিশোধ করতে পারবেন। ফি প্রদানের জন্য দুটি পদ্ধতি অনুসরণ করা যাবে-

১) পূবালী ব্যাংকের যে কোনো শাখার মাধ্যমে ক্যাশ পরিশোধ: এক্ষেত্রে কলেজ ওয়েব সাইট এ শিক্ষার্থীর একাউন্টে লগইন করে পে স্লিপ প্রিন্ট করতে হবে। প্রিন্টকৃত পে স্লিপসহ নিকটস্থ পূবালী ব্যাংকের যে কোনো শাখায় গিয়ে ক্যাশ কাউন্টারে ফি পরিশোধ করে পে স্লিপের ফটোকপি ফরম ফিলাপের ফরমের সাথে জমা দিতে হবে। ব্যাংকের মাধ্যমে ফি প্রদানে কোনো অতিরিক্ত চার্জ প্রদান করতে হবে না।

২) বিকাশ (bKash) এর মাধ্যমে অনলাইন পেমেন্ট: এক্ষেত্রে কলেজ ওয়েব সাইট এ শিক্ষার্থীর একাউন্টে লগইন করে bKash অপশন সিলেক্ট করে ফি প্রদান করতে হবে। bKash এর মাধ্যমে ফি প্রদানের ক্ষেত্রে নির্ধারিত bKash চার্জ প্রযোজ্য হবে। bKash ফি প্রদান সম্পন্ন হলে পে স্লিপের প্রিন্ট করে ফরম ফিলাপের ফরমের সাথে জমা দিতে হবে। ফি পরিশোধের বিস্তারিত পদ্ধতি কলেজের ওয়েব সাইট (www.dhakacitycollege.edu.bd) এ গিয়ে "How to Pay HSC Form Fill-up Fee" বাটনে ক্লিক করে দেখে নিতে হবে (অন্যান্য অনলাইন ফান্ড ট্রান্সফার গ্রহণযোগ্য নয়)।

[বিঃদ্র: তৃতীয় কিস্তির বেতন ও ফরম ফিলাপের ফি পরিশোধ করে কলেজের ওয়েব সাইটে লগইন করে টাকা পরিশোধের রশিদ ও ফরম ফিলাপের ফরম ডাউনলোড করে ০৫.০৩.২০২৬ তারিখ প্রভাতি শাখার সকল শিক্ষার্থীদেরকে সকাল ৯:০০ টা থেকে দুপুর ১২:০০ টা পর্যন্ত, ব্যবসায় শিক্ষা ও মানবিক দিবা শাখার সকল শিক্ষার্থীকে দুপুর ১:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত এবং ০৭.০৩.২০২৬ তারিখ বিজ্ঞান দিবা শাখার সকল শিক্ষার্থীদেরকে সকাল ৯:০০ টা থেকে দুপুর ১২:০০ টা পর্যন্ত কলেজ অফিস কক্ষে জমা দিতে হবে।]


(প্রফেসর কাজি নেয়ামুল হক)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ঢাকা সিটি কলেজ

অনুলিপি:

০১. উপাধ্যক্ষ (অ্যাকাডেমিক)


০২. উপাধ্যক্ষ (প্রশাসন)

০৩. বিভাগীয় প্রধান/জ্যেষ্ঠতম শিক্ষক/কো-অর্ডিনেটর

০৪. দ্বাদশ শ্রেণির গাইড টিচার

০৫. হিসাবরক্ষণ কর্মকর্তা

০৬. অফিস সুপারিনটেনডেন্ট


অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)